Remove Watermark Wondershare PDFelement

Catalog

Untitled-1-min 1
Untitled-2-min 2
Untitled-3-min 3
Untitled-4-min 4
Untitled-5-min 5
Untitled-6-min 6
Untitled-7-min 7
Untitled-8-min 8
Untitled-9-min 9
Untitled-10-min 10
Untitled-11-min 11
Untitled-12-min 12
Untitled-13-min 13
Untitled-14-min 14
Untitled-15-min 15
Untitled-17-min 16
Untitled-18-min 17
Untitled-19-min 18
Untitled-20-min 19
Untitled-21-min 20
Untitled-22-min 21
Untitled-23-min 22
Untitled-24-min 23

Wondershare PDFelement

Remove Watermark Wondershare PDFelement

# KUET Bulletin

## খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুলেটিন

অষ্টম বর্ষ, প্রথম সংখ্যা, জানুয়ারি-জুন ২০১৫

## পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সাথে কুয়েট ভিসির সৌজন্য স্বাক্ষাত



পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর

গত ২৪ জুন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ হ ম মুস্তফা কামাল এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সৌজন্য স্বাক্ষাতকালে মাননীয় মন্ত্রীকে কুয়েটের চলমান উন্নয়ন প্রকল্পগলো সম্পর্কে অবহিত করান কুয়েট ভাইস-চ্যান্সেলর। এসময় মাননীয় মন্ত্রীকে তার সুবিধাজনক সময়ে কুয়েট পরিদর্শনের জন্য আমন্ত্রণ জানান কুয়েট ভিসি।

## ইউজিসি চেয়ারম্যান এর সাথে কুয়েট ভিসির সৌজন্য স্বাক্ষাত




ইউজিসি'র নবনিযুক্ত চেয়ারম্যানের সাথে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর সৌজন্য স্বাক্ষাতকালে ফুলেল শুভেচ্ছা জানান।

গত ২০ মে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সৌজন্য স্বাক্ষাতকালে ইউজিসি'র মাননীয় চেয়ারম্যানকে আন্তরিক অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর। এসময় ইউজিসি'র মাননীয় চেয়ারম্যানকে তার সুবিধাজনক সময়ে কুয়েট পরিদর্শনের জন্য আমন্ত্রণ জানান কুয়েট ভিসি।

### প্রথম বর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

## তোমাদেরকেই সোনার বাংলা গড়তে হবে

**- প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর**




২০১৪-১৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ও বি.ইউ.আর.পি কোর্সের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট)-এর ২০১৪-১৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ও বি.ইউ.আর.পি. কোর্সের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে উপস্থিত ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, দেশের মেধাবী শিক্ষার্থীরা কুয়েটে অধ্যয়ন করছে, বাংলাদেশের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এই শিক্ষা প্রতিষ্ঠান নিজেকে প্রতিষ্ঠিত করেছে। আধুনিক তথ্য-প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার করে শিক্ষার্থীদের আন্তর্জাতিক মানের প্রকৌশলী হিসেবে গড়ে উঠতে হবে এবং শত সীমাবদ্ধতার মাঝেও মেধার সর্বোচ্চ ব্যবহার করে কাঙ্খিত লক্ষ্যে পৌছাতে হবে। আজকের নতুন শিক্ষার্থীরা এদেশের ভবিষ্যৎ কর্ণধর, তোমরা এ জাতির গর্ব, তোমাদের হাত ধরেই আমরা একটি সুখী, দারিদ্রমুক্ত, সমৃদ্ধশালী ও আত্মনির্ভরশীল দেশ হিসেবে বিশ্ব সভায় নিজেদের স্থান করে নিতে পারব।

(২য় পৃষ্ঠায় দেখুন)

## কুয়েটে উৎসবমুখর পরিবেশে বাংলা নববর্ষ বরণ



পহেলা বৈশাখ-১৪২২ 'শুভ নববর্ষ' উপলক্ষ্যে মঙ্গল শোভাযাত্রায় নেতৃত্ব দেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটে পহেলা বৈশাখ-১৪২২ "শুভ নববর্ষ" উৎসবমুখর পরিবেশে দিনব্যাপী জাঁকজমকপূর্ণ নানাবিধ কর্মসূচি পালনের মাধ্যমে উদ্‌যাপন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আয়োজিত কর্মসূচীর মধ্যে সকাল ৮ টা থেকে রাত পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে রকমারী আয়োজনে সাজানো বৈশাখী মেলা। বৈশাখী মেলায় বিশ্ববিদ্যালয়ের সকল হলের অংশগ্রহণে খাঁটি দেশীয় খড়মাটির কুঠি বানিয়ে দেশীয় ঐতিহ্যের পান্তা ইলিশ, গ্রাম বাংলার ষড়ঋতুর আকর্ষনীয় বিভিন্ন আয়োজন, দেশীয় পিঠা তৈরী ও প্রদর্শনী ইত্যাদি নানাবিধ বর্ণিল আয়োজন করা হয়। ভাইস- চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর স্টলগুলো ঘুরে দেখেন এবং দেশীয় বিভিন্ন খাবারের স্বাদ গ্রহণ করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীরা উপস্থিত ছিলেন। খেলার মাঠে সকাল ৯ টায় বর্ষবরণ সংগীতানুষ্ঠান অনুষ্ঠিত হয়। সকাল ১০ টায় অনুষ্ঠিত হয় মঙ্গল শোভাযাত্রা। পালকী, ঢোল-তবলা, একতারা, দো-তারা, বিভিন্ন বাদ্যযন্ত্র, গরুর গাড়ী, দেশীয় সংস্কৃতির ছবি সম্বলিত বিভিন প্লাকার্ড, ফেস্টুন, মুখোশসহ আরও অনেক আয়োজনে অডিটরিয়াম প্রাঙ্গণ থেকে শোভাযাত্রা শুরু হয়ে ফুলবাড়ীগেটসহ ক্যাম্পাস প্রদক্ষিণ করে অডিটরিয়ামের সম্মুখে এসে সমাপ্ত হয়। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা, কর্মচারী এবং খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক ও মাধ্যমিক) ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ অন্যান্যরা স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

(৭ পৃষ্ঠায় দেখুন)

Remove Watermark Wondershare PDFelement

## বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক

(শেষ পৃষ্ঠার পর) সম্মেলনে বাংলাদেশসহ কম্বোডিয়া, চীন, ক্রোয়েশিয়া, জার্মানী, হংকং, ইন্দোনেশিয়া, ইটালী, জাপান, নেপাল, দক্ষিণ কোরিয়া ও থাইল্যান্ড এর দেড় শতাধিক খ্যাতনামা বিজ্ঞানী, গবেষক, প্রকৌশলী, প্রযুক্তিবিদ, শিক্ষাবিদ, পেশাজীবী ও নীতিনির্ধারকগণ অংশগ্রহন করেন। বর্জ্য ব্যবস্থাপনার কৌশল, পরিবেশগত এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপট, কারিগরী ও অন্যান্য বিষয়ে অভিজ্ঞতা ও প্রযুক্তিগত জ্ঞান বিনিময়ের জন্য নতুন নতুন কৌশল উদ্ভাবনের লক্ষ্যে কুয়েট, বা'হস বিশ্ববিদ্যালয় ওয়েমার জার্মানী, ইউনিভার্সিটি অব প্যাডোভা ইটালী, ইন্টারন্যাশন্যাল ওয়েস্ট ওয়ার্কিং গ্রুপ (আইডব্লিউডব্লিউজি) ও অরবিট গ্রুপ এর যৌথ আয়োজনে কুয়েটে ৪র্থ বারের মত এই আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হলো। ১৭ ফেব্রুয়ারি বিকাল সাড়ে ৫ টায় সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে কনফারেন্স চেয়ার প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর নিশ্চিত করেন নবীন গবেষকদের উদ্বুদ্ধ করতে এবং দেশের পরিবেশ উন্নয়নের লক্ষ্যে নিরন্তর গবেষণার ক্ষেত্র প্রস্তুত করার জন্য ওয়েস্টসেফ কনফারেন্স আগামীতেও অব্যাহত থাকবে এবং ৫ম ওয়েস্টসেফ কনফারেন্স ২০১৭ সালের ১১-১৩ ফেব্রুয়ারি খুলনায় অনুষ্ঠিত হবে। সমাপনী অনুষ্ঠানে বক্তৃতা করেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, ইটালীর প্যাডোভা ইউনিভার্সিটির প্রফেসর ও আইডব্লিউডব্লিউজি এর ড. রাফায়েলো কসু, জার্মানীর বা'হস ইউনিভার্সিটি ওয়েমার এর প্রফেসর ড. ইকার্ড ক্রাফট্, জাপান এর হোকাইদো ইউনিভার্সিটির প্রফেসর এবং আইডব্লিউডব্লিউজি-এআরবি (এশিয়ান রিজিওনাল ব্রাঞ্চ) এর ড. তোশিহিকো মাতসুতো, ইউনিভার্সিটি অফ জাগরিব ও ইউনিভার্সিটি অফ অ্যাপলাইড সায়েন্স ভেলিকা গোরিকা ক্রোয়েশিয়া এর প্রফেসর ড. সানজা কালামবুরা এবং ইউনিভার্সিটি অফ হংকং এর পুরকৌশল বিভাগের ড. কাইমিন শিহ। উল্লেখ্য, এর আগে কুয়েটে পৌর বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন যথাক্রমে ওয়েস্টসেফ ২০০৯, ওয়েস্টসেফ ২০১১ ও ওয়েস্টসেফ ২০১৩ অনুষ্ঠিত হয়।

## তোমাদেরকেই সোনার বাংলা গড়তে হবে

(১ম পৃষ্ঠার পর) ১৯৭১ সালে জাতির জনক বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমানের ডাকে সাড়া দিয়ে সংগঠিত মহান মুক্তিযুদ্ধের কথা উল্লেখ করে নবাগত ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে তিনি আরও বলেন, তোমাদের মতন নবীন এবং মেধাবী শিক্ষার্থীরা বাংলাদেশের প্রকৃত মুক্তি নিয়ে আসবে। নিজেকে গড়ার মাধ্যমে তোমাদেরকেই সোনার বাংলা গড়তে হবে। ০৯ এপ্রিল বৃহস্পতিবার সকাল ১০টায় অডিটরিয়ামে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন, পুরকৌশল অনুষদের ভারপ্রাপ্ত ডীন প্রফেসর ড. মোঃ আবুল বাশার, তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা। এছাড়া নবাগত ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে দিক-নির্দেশনামূলক বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণ কার্যালয়ের পরিচালক (চ. দা.) মোঃ উসমান গনি নাঈম ও স্বাগত বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ আব্দুর রউফ। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রী প্রদানকারী সকল বিভাগের বিভাগীয় প্রধানগণ স্ব স্ব বিভাগের ছাত্র-ছাত্রীদেরকে পরিচিত করিয়ে দেন। বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট পরিচালক, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, অন্যান্য পরিচালকগণ, বিভিন্ন হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্ট, শিক্ষকবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, নবাগত ছাত্র-ছাত্রীসহ অন্যান্যরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ওরিয়েন্টেশন শেষে অডিটোরিয়ামের সম্মুখে কুয়েট ভলান্টারি ব্লাড ডোনেশান সোসাইটি "ড্রিমস্" এর উদ্যোগে এবং কুয়েট ছাত্র কল্যাণ পরিচালকের কার্যালয় ও মেডিকেল সেন্টারের সহযোগিতায় নবাগত ছাত্র-ছাত্রীসহ সকলের জন্য বিনামূল্যে ব্লাড গ্রুপিং অনুষ্ঠিত হয়। এছাড়াও বিভিন্ন বিভাগে দিনের বিভিন্ন সময়ে তাদের বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিয়ে বিভাগীয় ওরিয়েন্টেশন আয়োজন করে। উল্লেখ্য যে, কুয়েটে এবছর ১১ টি স্নাতক ডিগ্রী প্রদানকারী বিভাগে ৮১৩ জন নতুন শিক্ষার্থী ভর্তি হয়।

## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

(৩য় পৃষ্ঠার পর) দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে ২০ ফেব্রুয়ারি রাত ১০ টায় শহীদ মিনারের পাদদেশে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ কার্যালয়ের ভারপ্রাপ্ত পরিচালক মোঃ ওসমান গনি নাঈম এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। ২১ ফেব্রুয়ারি সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন করা হয়। সকাল সাড়ে ৯ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন এর আয়োজনে অডিটরিয়াম চত্বরে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং বিশেষ অতিথি ছিলেন ড.এম.এ. রশীদ হলের প্রভোষ্ট প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন ও রোকেয়া হলের ভারপ্রাপ্ত প্রভোষ্ট সুহেলী শায়লা আহমেদ। এছাড়া, আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে শহীদদের রুহের মাগফেরাত ও দেশের শান্তি, কল্যাণ কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## আনন্দ-উদ্দীপনায় জাতীয় শিশু দিবস পালিত

(শেষ পৃষ্ঠার পর) জনসংযোগ কর্মকর্তা (চ.দা.) মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় সভায় আরো বক্তৃতা করেন আইইএম বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. তারাপদ ভৌমিক, বিইসিএম বিভাগের প্রভাষক হামিদুল ইসলাম, কুয়েট ছাত্রলীগের সভাপতি সাফায়েত হোসেন নয়ন, অমর একুশে হল ছাত্রলীগের তানভীর রহমান অঙ্কুর, শারীরিক শিক্ষা কর্মকর্তা মোঃ হেলাল ফকির, কর্মচারীদের মধ্যে মোঃ ইমরুল ইসলাম, মোঃ রবিউল ইসলাম ও জালাল মুন্সী। আলোচনা সভায় সভাপতিত্ব করেন ছাত্র কল্যাণ এর পরিচালক (চ.দা.) ওসমান গনি নাঈম। দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে গত ১৭ মার্চ মঙ্গলবার কুয়েটের সহযোগিতায় কুয়েট ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক ও মাধ্যমিক) ও কুয়েট উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের যৌথ উদ্যোগে সকাল সাড়ে ৭ টায় ছাত্র-ছাত্রীদের জন্য বঙ্গবন্ধুর জীবন আলেখ্য, কবিতা আবৃত্তি, রচনা ও চিত্রাংকণ প্রতিযোগিতা, হাতের সুন্দর লেখা ও নির্ধারিত বক্তৃতাসহ বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়। সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর নেতৃত্বে স্কুলগুলোর শিক্ষার্থী ও শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও কর্মচারীবৃন্দের অংশগ্রহনে একটি আকর্ষনীয় শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষীণ করে অডিটরিয়ামের সম্মুখে এসে শেষ হয়। র‍্যালী শেষে বিদ্যালয়সমূহের শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে অডিটরিযামের সম্মুখে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এরপর পর্যায়ক্রমে পরিচালক (ছাত্র কল্যাণ), প্রভোষ্ট ও সহকারী প্রভোষ্টগণের নেতেত্বে বিভিন্ন হলের শিক্ষার্থীবৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), ৪র্থ শ্রেণী কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ পুষ্পমাল্য অর্পন করেন। শ্রদ্ধা নিবেদন শেষে অডিটরিয়ামে সকাল ১০টা থেকে দুপুর ০১টা পর্যন্ত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন প্রতিযেগিতার পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এছাড়া বাদ আসর বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনা করে বিশ্ববিদালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহ্‌ফিল অনুষ্ঠিত হয়।

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত

(৩য় পৃষ্ঠার পর) বিশ্ববিদ্যালয়ের বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী আলোর মিছিলে অংশ নেয়। ২৬ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর এর বাসভবন এবং আবাসিক হলসমুহে জাতীয় পতাকা উত্তোলন এবং গল্লামারী স্মৃতিসৌধে বিশ্ববিদ্যালয়ের পক্ষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর পুষ্পমাল্য অর্পণ করেন। এছাড়া পরিচালক (ছাত্র-কল্যাণ), শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, ছাত্রলীগ, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, ৪র্থ শ্রেণী কর্মচারী সমিতি, মাষ্টাররোল সমিতিসহ অন্যান্য সংগঠনের পক্ষ থেকে পুস্পমাল্য অর্পণ করা হয়। সকাল ৯টায় অডিটরিয়ামে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের অংশগ্রহণে চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। চিত্রাংকন প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সকাল ১০ টায় কুয়েট ক্যাম্পাসস্থ স্কুল সমূহে মুক্তিযুদ্ধের উপর চিত্র প্রদর্শনী এবং ছাত্র-ছাত্রীদের প্রীতি ক্রিকেট ম্যাচ এর উদ্বোধন করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর। সকাল ১১ টায় খেলার মাঠে বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকের মধ্যে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। এছাড়া, বিকাল সাড়ে ৪ টায় পতাকা মিছিল, আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহ্‌ফিল ও সন্ধ্যা সাড়ে ৬ টায় স্বাধীনতা দিবসের উপর আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং মুক্তিযুদ্ধের উপর নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শিত হয়।

## জাকজঁমকপূর্ণভাবে শ্রী শ্রী সরস্বতী পুজা অনুষ্ঠিত



কুয়েটে শ্রী শ্রী সরস্বতী পুজা জাকজঁমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে পালিত।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) সনাতন হিন্দু ধর্মাবলম্বীদের শ্রী শ্রী সরস্বতী পুজা জাকজঁমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে পালিত হয়েছে। ২৫ জানুয়ারি রবিবার শ্রী শ্রী পঞ্চমী তিথিতে কুয়েট অডিটরিয়াম প্রাঙ্গণে অস্থায়ী পুজা মন্ডপে বিশ্ববিদ্যালয়ের পুজা উদ্‌যাপন কমিটির সার্বিক আয়োজনে সনাতন হিন্দু ধর্মাবলম্বী (১৪ পৃষ্ঠায় দেখুন)

Remove Watermark Wondershare PDFelement

প্রস্তাবিত পে-স্কেল পুনর্নির্ধারণের দাবি

# কুয়েট শিক্ষকদের বিভিন্ন কর্মসূচী পালন




প্রস্তাবিত ৮ম জাতীয় বেতন স্কেল পুনঃনির্ধারণ এবং বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল ঘোষণার দাবীতে কুয়েটের শিক্ষকবৃন্দ প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন কর্মসূচী পালন করে।

প্রস্তাবিত পে-স্কেল পুনর্নির্ধারণের দাবিতে গত ০৪ জুন বৃহস্পতিবার সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন করেছে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) শিক্ষক সমিতি। মানববন্ধনকালীন সমাবেশে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মর্যাদা সমুন্নত রেখে পে-স্কেল ঘোষণার দাবী জানান। শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোঃ গোলাম কাদেরের সভাপতিত্বে এসময় সমিতির সাধারণ সম্পাদক ড. শেখ শরীফুল আলমসহ শিক্ষক সমিতির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। মানববন্ধনে সিনিয়র অধ্যাপকদের বেতন স্কেল সিনিয়র সচিবদের সমান ও অধ্যাপকদের বেতন স্কেল পদায়িত সচিবদের সমান করে পুনঃনির্ধারণ এবং শিক্ষকদের সিলেকশন গ্রেড ও টাইম স্কেল বহাল রাখা এবং সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষকদের বেতন কাঠামো অধ্যাপকদের বেতনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করার দাবি জানানো হয়। (৬ পৃষ্ঠায় দেখুন)

# যথাযথ মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত




একুশের প্রথম প্রহর রাত ১২:০১ টায় কুয়েট ক্যাম্পাসস্থ কেন্দ্রীয় শহীদ মিনারে বিশ্ববিদ্যালয়ের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন অ্যাকটিং ভাইস-চ্যান্সেলর (রুটিন ওয়ার্ক) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদারসহ অন্যান্যরা।

কুয়েটে যথাযথ মর্যাদায় একুশে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। একুশের প্রথম প্রহর রাত ১২:০১ টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের পক্ষে প্রথম পুষ্পস্তবক অর্পণ করেন অ্যাকটিং ভাইস-চ্যান্সেলর (রুটিন ওয়ার্ক) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। এরপর একে একে পরিচালক (ছাত্র-কল্যাণ), শিক্ষক সমিতি, বিভিন্ন হলের প্রভোস্ট ও ছাত্র-ছাত্রীগণ, কুয়েট অফিসার্স এসোসিয়েশন, কুয়েট ছাত্রলীগ, কুয়েট বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, কুয়েট কর্মচারী সমিতি, কুয়েট চতুর্থ শ্রেণী কর্মচারী সমিতি, কুয়েট ডিবেটিং সোসাইটি, কুয়েট থিয়েটার, অচীন পাখি, ড্রীম, স্বরে-অ, কুয়েট মাষ্টাররোল কর্মচারী সমিতি, কুয়েট সচেতন শিক্ষার্থীসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। (২য় পৃষ্ঠায় দেখুন)

# আন্তঃহল ক্রিকেট টুর্ণামেন্টে ড.এম এ রশীদ হল চ্যাম্পিয়ন



কুয়েট অন্তঃহল ক্রিকেট টুর্ণামেন্টে চ্যাম্পিয়ন ড. এম এ রশীদ হলকে ট্রফি তুলে দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের অন্তঃহল ক্রিকেট টুর্ণামেন্টে ড. এম এ রশীদ হল চ্যাম্পিয়ন হয়েছে। ২৮ ফেব্রুয়ারি শনিবার বিকালে অনুষ্ঠিত টুর্ণামেন্টের ফাইনালে ড. এম এ রশীদ হল ৭ উইকেটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলকে পরাজিত করে। প্রথমে ব্যাট করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ১০ উইকেটে নির্ধারিত ২০ ওভারে ৯৪ রান সংগ্রহ করে। জবাবে ড. এম এ রশীদ হল ৩ উইকেটে ১১.২ ওভারে ৯৮ রান সংগ্রহ করে। বিজয়ী দলের রনি ম্যান অব দ্যা ফাইনাল নির্বাচিত হয়। খেলা শেষে ছাত্র কল্যাণ কার্যালয়ের পরিচালক (চ.দা.) মোঃ উসমান গনি নাঈমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় এক সংক্ষিপ্ত বক্তৃতায় তিনি টুর্নামেন্ট সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, কুয়েটের শিক্ষার্থীরা শিক্ষা এবং খেলাধুলার মত সহ-শিক্ষা কার্যক্রম উভয় দিকে সমান তালে এগিয়ে চলেছে। শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায় অংশগ্রহণ তাদের মেধাকে শানিত করবে। অনুষ্ঠানে অন্যদের মধ্যে আরো বক্তৃতা করেন পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, ড. এম এ রশীদ হলের প্রভোষ্ট প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোষ্ট ড. হুসাইন মোঃ আবু নাঈম, ড. এম এ রশীদ হলের দলনেতা তাজ ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের দলনেতা এস.এম. জাহিদ হোসেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন। এর আগে ১৬ জানুয়ারি অন্তঃহল ক্রিকেট টুর্ণামেন্টের উদ্বোধন ও প্রথম খেলা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ছয়টি হল প্রত্যেকে প্রত্যেকের মুখোমুখি হয়। পয়েন্টের ভিত্তিতে প্রথম দুটি দল ফাইনালে খেলার যোগ্যতা লাভ করে।

# যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত




মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে গল্লামারী স্মৃতিসৌধে বিশ্ববিদ্যালয়ের পক্ষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর পুষ্পমাল্য অর্পণ করেন।

কুয়েটে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৫ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপিত হয়েছে। ২৫ মার্চ সন্ধ্যায় '৭১ এর গণহত্যার কালরাতের স্মরণে ক্যাম্পাসে আলোর মিছিল অনুষ্ঠিত হয়। আলোর মিছিলে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এ সময় মশাল ও মোমবাতি হাতে (২য় পৃষ্ঠায় দেখুন)

Remove Watermark Wondershare PDFelement

## রাজনৈতিক সহিংসতা বন্ধের দাবিতে প্রতিবাদ র‍্যালী, মানববন্ধন, সমাবেশ, জাগরনের গান, মুক্তিযুদ্ধের গল্প ও প্রামাণ্য চিত্র প্রদর্শন



রাজনৈতিক সহিংসতা বন্ধের দাবিতে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত র‍্যালীতে নেতৃত্ব দেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।


রাজনৈতিক সহিংসতা বন্ধের দাবিতে কুয়েটে প্রতিবাদ র‍্যালী, মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। ০৪ ফেব্রুয়ারি সকাল সাড়ে ১০টায় র‍্যালীটি কুয়েট ক্যাম্পাস থেকে শুরু হয়ে ফুলবাড়ীগেটে মানববন্ধন ও সমাবেশ করে ক্যাম্পাসে এসে শেষ হয়। "আমরা কুয়েট পরিবার" এর আয়োজনে কর্মসূচীর উদ্বোধন ও র‍্যালীতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। মানববন্ধন চলাকালীন সমাবেশে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, প্রকৌঃ হুসাইন মুহাম্মদ এরশাদ, শিক্ষার্থীদের পক্ষ থেকে লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র সাইমুন ও যন্ত্রকৌশল বিভাগের সৌরিন বড়ুয়া প্রমূখ। কর্মসূচীতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহন করেন। একই দাবিতে ০৫ ফেব্রুয়ারি বৃহস্পতিবার সন্ধ্যায় মুক্তিযুদ্ধের ভাস্কর্য "দূর্বার বাংলা" এর পাদদেশে জাগরনের গান এবং ৬ ফেব্রুয়ারি সন্ধ্যায় একই স্থানে মুক্তিযুদ্ধের গল্প ও প্রামাণ্য চিত্র প্রদর্শন অনুষ্ঠিত হয়। এসময় কুয়েট ফিল্ম সোসাইটি'র সহযোগিতায় ডকুমেন্ট্রি ফিল্ম বীরাঙ্গনা নারীর কথা: "বিষকাঁটা" প্রদর্শিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া, কুয়েট অফিসার্স এসোসিয়েশন গত ১০ ফেব্রুয়ারি এবং কুয়েট ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল গত ১১ ফেব্রুয়ারি ফুলবাড়ীগেটে রাজনৈতিক সহিংসতার প্রতিবাদে র‍্যালী, মানববন্ধন ও সমাবেশ কর্মসূচী পালন করে। উভয় সমাবেশে সংহতি জানিয়ে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

## কুয়েটের সাথে ইয়ং বাংলা'র সমন্বয় সভা


কুয়েটের সাথে ইয়ং বাংলা'র সমন্বয় সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, রাজী মোহাম্মদ ফখরুল এম.পি. এবং ব্যারিষ্টার শেখ নাঈমসহ অন্যান্য অতিথিবৃন্দ।

কুয়েট এর সঙ্গে ইয়ং বাংলা'র এক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৩ ফেব্রুয়ারি সোমবার সন্ধা ৭টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সভাপতিত্বে সভায় ইয়ং বাংলা'র পক্ষ থেকে বক্তব্য রাখেন রাজী মোহাম্মদ ফখরুল এম.পি. এবং ব্যারিষ্টার শেখ নাঈম। এসময় ইয়ং বাংলা'র কার্যক্রম তুলে ধরা হয় এবং নতুন প্রজন্মের উদ্ভাবনী নিয়ে আগামী ২৭ ফেব্রুয়ারি খুলনা জিলা স্কুলে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে অংশগ্রহনের জন্য সকলকে আহ্বান জানানো হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভিন্ন বিভাগের বিভাগীয়প্রধান, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা এবং শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

## ডিজিটাল উদ্ভাবনী মেলায় কুয়েট সেরা


ডিজিটাল উদ্ভাবনী মেলায় সেরা উদ্ভাবনী প্রতিষ্ঠান কুয়েট থেকে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৫ এ কুয়েট সেরা উদ্ভাবনী প্রতিষ্ঠানের পুরস্কার গ্রহণ করেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) কর্মসূচির আওতায় খুলনা জেলা প্রশাসন জেলা ক্রীড়া সংস্থার জিমনেসিয়ামে ৫-৭ ফেব্রুয়ারি তিন দিনব্যাপী এই মেলা আয়োজন করে। উদ্ভাবনী মেলায় কুয়েট একাডেমিক সিস্টেম অটোমেশন, অটোনমাস রোবট কার, আই-মেট ফর ভিজুয়াল ডিজাবেল্ড, ড্রোন- অটোনমাস এড়িয়াল ভিহাইকেল এর উপর ডিজিটাল সেবার নমুনা উপস্থাপন করেন কুয়েটের ইসিই বিভাগের '১০ ব্যাচের সৈয়দ ইরফান আলী মির্জা, মোমেনা মনোয়ার, সৈয়দ তাসনিমুল ইসলাম, সিএসই বিভাগের '১১ ব্যাচের মোঃ সিদ্দিকুর রহমান, শারমিন শবনম দিশা, তওইকৌশল বিভাগের '১২ ব্যাচের মোঃ শারজিস ইবনে ওয়াদুদ, প্রভাকর মন্ডল। কুয়েট শিক্ষার্থীদের প্রতিনিধি দলের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন সহকারী প্রোগ্রামার মোঃ আবু হানিফ শেখ। কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর তাদের এ সফলতায় অভিনন্দন জ্ঞাপন করেছেন। তিনি বলেন, আমাদের সকলের সর্বাত্মক প্রচেষ্টায় কুয়েট একটি বিশ্বমানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসাবে গড়ে উঠবে ও সবার আস্থা অর্জন করবে।

## 'এডভান্স ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট-অ্যান ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যাপ্রোচ ১৫' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



কুয়েট এর আইইএম বিভাগ কর্তৃক আয়োজিত 'সেকেন্ড এডভান্স ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট-অ্যান ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যাপ্রোচ১৫' শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েট এর ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) এসোসিয়েশনের আয়োজনে সেকেন্ড 'এডভান্স ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট-অ্যান ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যাপ্রোচ ১৫' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৮ ফেব্রুয়ারি শনিবার সকাল ৯টায় আইইএম বিভাগের সেমিনার কক্ষে কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। আইইএম বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. তারাপদ ভৌমিক এর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা। কর্মশালায় কী নোট সেশন ও টেকনিক্যাল সেশনে টেকনিক্যাল পেপার উপস্থাপন করা হয়।

Remove Watermark Wondershare PDFelement

## বাংলাদেশ ক্রিকেটে দলকে অভিনন্দন জানিয়ে বিজয় র‍্যালী




বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়ে কুয়েটে অনুষ্ঠিত বিজয় র‍্যালীতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

বিশ্বকাপ ক্রিকেটে প্রথমবার কোয়ার্টার ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করায় বাংলাদেশ ক্রিকেট দলের খেলোয়াড়সহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানিয়ে কুয়েটে বিজয় র‍্যালী অনুষ্ঠিত হয়েছে। ১০ মার্চ মঙ্গলবার দুপুর সাড়ে ১২ টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর নেতৃত্বে প্রশাসনিক ভবন থেকে বিজয় র‍্যালীটি শুরু হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ফুলবাড়ীগেট এলাকা প্রদক্ষীণ করে ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য "দূর্বার বাংলা" এর পাদদেশে এসে শেষ হয়। র‍্যালী পরবর্তী এক সংক্ষিপ্ত সমাবেশে কুয়েটের ভাইস-চ্যান্সেলর বলেন, মেধা ও যোগ্যতায় বাংলাদেশ দলের খেলোয়াড়রা বিশ্বের কারো চেয়ে কম নয়, বিশ্ব ক্রিকেটের সর্বোচ্চ আসরে ইতিহাস গড়ে শেষ আটে খেলার যোগ্যতা অর্জন করে বাংলাদেশের খেলোয়াড়েরা তা আবার প্রমান করলো। র‍্যালী ও সমাবেশ শেষে অডিটরিয়ামের সম্মুখে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহনে 'মফ ড্যান্স' অনুষ্ঠিত হয়।

## স্থলসীমান্ত চুক্তি বাস্তবায়িত হওয়ায় বিজয় র‍্যালী




বাংলাদেশ ও ভারতের মধ্যকার স্থলসীমান্ত চুক্তি বাস্তবায়িত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে কুয়েটে অনুষ্ঠিত বিজয় র‍্যালীতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

বাংলাদেশ ও ভারতের মধ্যকার দীর্ঘদিনের প্রত্যাশিত স্থলসীমান্ত চুক্তি বিল ভারতের রাজ্যসভা ও লোকসভায় সর্বসম্মতিক্রমে পাসের সাফল্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) বিজয় র‍্যালী অনুষ্ঠিত হয়েছে। ১৪ মে বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় প্রশাসনিক ভবনের সামনে থেকে র‍্যালীটি শুরু হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ফুলবাড়ীগেট এলাকা প্রদক্ষীণ শেষে মুক্তিযুদ্ধের ভাস্কর্য দুর্বার বাংলা'র পাদদেশে এসে শেষ হয়। উদ্বোধন শেষে র‍্যালীর নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। তিনি বলেন, ১৯৪৭ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সাথে সম্পাদিত স্থল সীমান্ত চুক্তির ধারাবাহিকতায় বাংলাদেশের এ সফল কুটনৈতিক সাফল্যের মূলে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্ব। মাননীয় প্রধানমন্ত্রীর আপসহীন নেতৃত্বের কারণেই আমরা জল, স্থল সর্বক্ষেত্রে সাফল্য পাচ্ছি। এজন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সরকারের প্রতি আমরা কৃতজ্ঞত। র‍্যালীতে বিশ্ববিদ্যালয়ের অনুষদের ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, পরিচালক, শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কমচারীগণ অংশগ্রহন করেন।

## দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণায় আইডিএম অগ্রণী ভূমিকা রাখবে

**- কুয়েট ভিসি ড. আলমগীর**



কুয়েটে ইনস্টিটিউট অব ডিজিস্টার ম্যানেজমেন্ট এর ফলক উন্মোচনের মাধ্যমে আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেছেন, এদেশের দক্ষিণ পশ্চিমাঞ্চল প্রাকৃতিক দুর্যোগপূর্ণ এলাকা বিধায়, দুর্যোগ ব্যবস্থাপনা (ডিজস্টার ম্যানেজমেন্ট) সংক্রান্ত শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণায় কুয়েটের আইডিএম অগ্রণী ভূমিকা রাখবে। কুয়েটে ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (আইডিএম) চালুর মাধ্যমে বর্তমান সরকারের উচ্চশিক্ষা সম্প্রসারণের উদ্যোগ এবং দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জনগণের আকাঙ্খা পূরণ হবে। ২৪ মার্চ মঙ্গলবার বিকাল ৫ টায় বিশ্ববিদ্যালয়ের নতুন একাডেমিক ভবনের এ ব্লকের নীচতলার উত্তর পার্শের উইং এ ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এর ফলক উন্মোচনের মাধ্যমে আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর একথা বলেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আইডিএম এর পরিচালক প্রফেসর ড. মোঃ আবুল বাশার। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, বিভিন্ন হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্ট, শিক্ষকবৃন্দ, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, কম্পেট্রলার, প্রধান প্রকৌশলী, প্রধান চিকিৎসা কর্মকর্তা, অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর অনুমোদনের প্রেক্ষিতে গত ১১ নভেম্বর ২০১৩ইং তারিখ থেকে কুয়েটে ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট চালু হয়।

## স্কুলের গরীব ও মেধাবী শিক্ষার্থীদের বিনামূল্যে স্কুল ড্রেস ও শিক্ষা উপকরণ বিতরণ



বিনামূল্যে স্কুল ড্রেস ও শিক্ষা উপকরণ পাওয়া কুয়েট ক্যাম্পাস্থ বিদ্যালয়ের গরীব ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েট ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গরীব ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে স্কুল ড্রেস ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। ১৩ এপ্রিল সোমবার সকাল সাড়ে ৯ টায় কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্কুলের ছাত্র-ছাত্রীদের হাতে স্কুল ড্রেস ও বিভিন্ন শিক্ষা উপকরণ তুলে দেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকবৃন্দ, অন্যান্য শিক্ষকমন্ডলী, অভিভাবকবৃন্দ, ছাত্র-ছাত্রীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, কুয়েটে অনুষ্ঠিত উন্নয়নশীল দেশসমূহে পৌর বর্জ্য ব্যবস্থাপনা "ওয়েস্টসেফ" শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে জার্মানীর বাহস ইউনিভার্সিটি ওয়েমার (Bauhaus-University Weimar) থেকে আগত বিশেষজ্ঞ লরা ওয়েৎজ (Laura Weitze) এর আর্থিক সহযোগীতায় স্কুলের গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে এই স্কুল ড্রেস ও অন্যান্য শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

Remove Watermark Wondershare PDFelement

## কর্মচারী সমিতির বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত



কুয়েট কর্মচারী সমিতির (৩য় শ্রেণি) উদ্যোগে কর্মচারীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৫ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

গত ১৮ এপ্রিল শনিবার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) উদ্যোগে কর্মচারীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৫ অনুষ্ঠিত হয়েছে। বিকাল ৫ টায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্রীড়া প্রতিযোগিতা উপভোগ শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, ছাত্র কল্যাণ এর পরিচালক (চ. দা.) মোঃ উসমান গণি নাঈম।

## প্রশাসনিক ভবনের বর্ধিতাংশের নির্মাণ কাজের উদ্বোধন



কুয়েট এর প্রশাসনিক ভবনের বর্ধিতাংশের নির্মাণ কাজের উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েট এর প্রশাসনিক ভবনের বর্ধিতাংশের নির্মাণ কাজ শুরু হয়েছে। ২৩ ফেব্রুয়ারি সোমবার বিকাল সাড়ে ৩টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নির্মাণ কাজের উদ্বোধন করেন কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন এবং প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ।

## কুয়েট শিক্ষকদের বিভিন্ন কর্মসূচী পালন

(৩য় পৃষ্ঠার পর) এছাড়া প্রত্যেক ধাপে সরকারি কর্মকর্তাদের জন্য নির্ধারিত অন্যান্য সুযোগ-সুবিধাদি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্যও নিশ্চিতের দাবি জানানো হয়। গত ০৮ জুন বেলা ১১টা থেকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন এর সিদ্ধান্ত মোতাবেক একই দাবীতে ২ ঘন্টার কর্মবিরতি ও প্রশাসনিক ভবনের সামনে অবস্থান ধর্মঘট পালিত হয়েছে। কর্মসূচী চলাকালীন সময়ে শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর গোলাম কাদের, সাধারণ সম্পাদক ড. শেখ শরিফুল আলম, তওইকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লাসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ বক্তৃতা করেন। এছাড়া গত ২৮ জুন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন এর সিদ্ধান্ত মোতাবেক একই দাবীতে বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত কুয়েটের শিক্ষকবৃন্দ প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন কর্মসূচী পালন করে। এসময় কুয়েট শিক্ষক সমিতির নেতৃবৃন্দসহ বিভিন্ন বিভাগের শিক্ষকগণ উপস্থিত ছিলেন। কর্মসূচী চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর গোলাম কাদের, সাধারণ সম্পাদক ড. শেখ শরিফুল আলমসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ বক্তৃতা করেন।


## কুয়েট ভাইস-চ... ও নবলোক এর প্রতিনিধি দলের মতবিনিময়



কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে ওয়াটার এইড ও নবলোক এর প্রতিনিধি দল।

২৩ মার্চ সোমবার বিকাল ৫ টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে তার নিজ কার্যালয়ে মতবিনিময় সভা করেছেন ওয়াটার এইড ও নবলোক এর প্রতিনিধি দল। প্রতিনিধি দলে ছিলেন ওয়াটার এইড বাংলাদেশ এর টেকনিক্যাল এডভাইজার আবদুল্লাহ আল-মুয়িদ, প্রোগ্রাম অফিসার মোঃ তাহমিদুল ইসলাম, নবলোক এর শেখ শাখের আহমেদ, আবদুল্লাহ আল মামুন, ইয়র্কশায়ের ওয়াটার এইড, ইউকে এর ফ্লাড স্ট্রাটেজি ইঞ্জিনিয়ার জনাথন পিয়াটকা, ইমা হুজ, একম এর কাচোরির মিরর, ওয়াটার এইড, ইউকে এর সাইয়েট মানজোর ও রিমি কাপ। মতবিনিময় সভায় খুলনা এবং খুলনার দক্ষিণাঞ্চলের উপকূলবর্তী এলাকার পানির লবণাক্ততা দূরীকরণ ও সকলের জন্য নিরাপদ পানি এবং স্বাস্থ্যসম্মত স্যানিটেশন নিশ্চিতকরণ বিষয়ে কুয়েট এবং নবলোক ও ওয়াটার এইড এর মধ্যে যৌথ গবেষণার বিষয়ে আলোচনা হয়।

## পুরকৌশল ভবনের আনুভূমিক সম্প্রসারণ কাজের উদ্বোধন



কুয়েটে 'পুরকৌশল ভবনের আনুভূমিক সম্প্রসারণ' নির্মাণ কাজের উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।


কুয়েটের "পুরকৌশল ভবনের আনুভূমিক সম্প্রসারণ" কাজ শুরু হয়েছে। গত ০২ জুন মঙ্গলবার দুপুর ১২ টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নির্মাণ কাজের উদ্বোধন করেন কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন এবং প্রধানমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ, উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) আনিছুর রহমান ভুইয়া। উদ্বোধন শেষে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

## বিশ্ব পরিবেশ দিবস পালিত

(৯ম পৃষ্ঠার পর) অবস্থিত মুক্তিযুদ্ধের ভাস্কর্য দুর্বার বাংলা'র প্রান্তরে বৃক্ষ রোপন কর্মসূচী অনুষ্ঠিত হয়। প্রধান অতিথিসহ অন্যান্য অতিথিবৃন্দ এ সময় বৃক্ষ রোপন করেন। অডিটরিয়ামে অনুষ্ঠিত সেমিনারে পুরকৌশল বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা এবং স্বাগত বক্তৃতা ও প্রবন্ধ উপস্থাপন করেন নগর ও আঞ্চল পরিকল্পনা বিভাগের বিভাগীয় প্রধান তুষার কান্তি রায়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইডিএম এর প্রভাষক এস.এম. তারিকুল ইসলাম।

Remove Watermark Wondershare PDFelement

## নতুন আবাসিক ভবনের নির্মাণ কাজের উদ্বোধন



কুয়েটে নতুন আবাসিক ভবনের নির্মাণ কাজের উদ্বোধন শেষে দোয়া অনুষ্ঠানে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্যরা।

কুয়েট এর উর্দ্ধতন শিক্ষক ও কর্মকর্তাদের বসবাসের জন্য ৪ তলা বিশিষ্ট আবাসিক ভবনের নির্মাণ কাজ শুরু হয়েছে। ২৮ জানুয়ারি বুধবার বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের আবাসিক এলাকায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভবনের নির্মাণ কাজের উদ্বোধন করেন কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ। উদ্বোধন শেষে প্রফেসর ড. মোঃ আব্দুল আজিজ এর পরিচালনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, পরিচালক (আইআইসিটি), বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, পরিচালক, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## যন্ত্রকৌশল ভবনের সম্প্রসারণ কাজের উদ্বোধন



কুয়েটের 'যন্ত্রকৌশল ভবনের আনুভূমিক সম্প্রসারণ' নির্মাণ কাজের উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েট এর "যন্ত্রকৌশল ভবনের আনুভূমিক সম্প্রসারণ" নির্মাণ কাজ শুরু হয়েছে। গত ১৮ মার্চ বুধবার বিকাল সাড়ে ৪ টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নির্মাণ কাজের উদ্বোধন করেন কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন এবং প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ। উদ্বোধন শেষে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

## কুয়েটে উৎসবমুখর পরিবেশে বাংলা নববর্ষ বরণ

(১ম পৃষ্ঠার পর) শোভাযাত্রায় নেতৃত্ব দেন কুয়েটের ভাইস- চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সকাল সাড়ে ১০টায় খেলার মাঠে অনুষ্ঠিত হয় দেশীয় সাংস্কৃতিক অনুষ্ঠান, সাপ খেলা, বানর খেলা, ম্যাজিক শো, ইত্যাদি। বিকাল সাড়ে ৪ টায় বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে মোরগ লড়াই, কাবাডি খেলা, ঘুড়ি উৎসবসহ অন্যান্য ঐতিহ্যবাহী দেশী খেলা এবং সন্ধ্যা সাড়ে ৬ টায় অডিটরিয়াম প্রাঙ্গণে মনোমুগ্ধকর সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর উপস্থিত থেকে আকর্ষনীয় এসব প্রতিযোগিতা ও অনুষ্ঠান উপভোগ করেন এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

## ইউআরপি ভবনের নির্মাণ কাজের উদ্বোধন



কুয়েটে ইউআরপি ভবনের ফলক উন্মোচন করে নির্মাণ কাজের উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের আরবান এন্ড রিজিওনাল প্লানিং (ইউআরপি) ভবনের নির্মাণ কাজ শুরু হয়েছে। গত ৩০ এপ্রিল বৃহস্পতিবার দুপুরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নির্মাণ কাজের উদ্বোধন করেন কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন এবং প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ। উদ্বোধন শেষে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

## সাইবার নিরাপত্তা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত




কুয়েটে সাইবার নিরাপত্তা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন বিষয়ে সচেতন বৃদ্ধিতে আয়োজিত সেমিনারে বক্তৃতা করছেন কুয়েট ভিসি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটে সাইবার নিরাপত্তা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন বিষয়ে সচেতনতা বৃদ্ধি বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি মন্ত্রণালয়ের আয়োজনে ইনসাইট বাংলাদেশ ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় এবং কুয়েট এর আইআইসিটি ও বিভিন্ন বিভাগের সহযোগীতায় ০৫ মে মঙ্গলবার দুপুর ২টায় অডিটরিয়ামে সেমিনারটি অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। আইআইসিটি এর পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ এর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন তওইকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, সেমিনার বক্তা ছিলেন সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. কাজী মোঃ রকিবুল আলম এবং সাইবার নিরাপত্তা ও প্রযুক্তি আইন সম্পর্কে বিভিন্ন তথ্য উপস্থাপন করেন ইনসাইট বাংলাদেশ ফাউন্ডেশনের পরিচালক (পাবলিক রিলেশন) আতিকুল ইসলাম খান ও লিগ্যাল কনসালটেন্ট এ্যাড. মোঃ মাহফুজুর রহমান।

## বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

(২৩ পৃষ্ঠার পর) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকবৃন্দ, হলের প্রভোস্ট ও সহকারী প্রভোষ্টগণ, বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী ও কর্মচারীবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অতিথিবৃন্দ দীর্ঘ সময় ধরে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আকর্ষনীয় ক্রীড়াশৈলী উপভোগ করেন এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। দুই দিনব্যাপি ৩৮টি ইভেন্টে এই ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতায় মোঃ শাহরিয়ার হোসেন ও রাশিদা করীম যথাক্রমে ছাত্র ও ছাত্রীদের বিভাগে সেরা ক্রীড়াবিদ হওয়ার গৌরব অর্জন করেন। এছাড়া বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল চ্যাম্পিয়ন ট্রফি এবং অমর একুশে হল রানার-আপ ট্রফি লাভ করে। উল্লেখ্য, গত ২৯ জানুয়ারি বৃহস্পতিবার সকালে জাতীয় পতাকা উত্তোলন, বেলুন ও কবুতর উড়িয়ে ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

Remove Watermark Wondershare PDFelement

## কুয়েট ভিসি'র বড় ভাইয়ের মৃত্যুতে কুয়েট পরিবারের শোক প্রকাশ

কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর বড় ভাই বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ হারুনুর রশীদ গত ১৯ ফেব্রুয়ারি বৃহস্পতিবার রাত সাড়ে ৮টায় হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি......রাজিউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র, অসংখ্য আত্মীয়-স্বজন, বন্ধুবান্ধব ও শুভাকাঙ্খী রেখে গেছেন। পেশাগত জীবনে তিনি বাংলাদেশ রাজস্ব বোর্ডে অডিটর হিসেবে সুনামের সহিত দীর্ঘদিন দায়িত্বপালন করেছেন। ২০ ফেব্রুয়ারি শুক্রবার বিকালে জানাজা শেষে যথাযথ রাষ্ট্রীয় মর্যাদায় তাকে চাঁদপুর জেলার কচুয়া উপজেলার রহিমানগর গ্রামস্থ পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর এর ভাইয়ের মৃত্যুতে কুয়েট পরিবার গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করেছে।

## কুয়েট ভিসি'র বড় বোন এর মৃত্যুতে বিশ্ববিদ্যালয় পরিবারের শোক জ্ঞাপন

কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর বড় বোন ডা. আয়েশা আক্তার খানম গত ৬ এপ্রিল, ২০১৫ সোমবার সন্ধ্যা সাড়ে ৬ টায় ঢাকার স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। (ইন্নাইল্লাহি..........রাজিউন)। কুয়েট ভাইস-চ্যান্সেলর এর বড় বোনের মৃত্যুতে কুয়েট এর শিক্ষক-ছাত্রছাত্রী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করেছেন এবং তার শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন। মরহুম ডা. আয়েশা আক্তার খানম ঢাকা মেডিকেল কলেজসহ অন্যান্য গুরত্বপূর্ণ প্রতিষ্ঠানে সুনামের সাথে তার পেশাগত দায়িত্ব পালন করেছেন। ঢাকার শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ ছিল তার সর্বশেষ কর্মজীবন। তিনি ছিলেন ৬ ভাই ও ৩ বোনের মধ্যে বড় বোন। মৃত্যুকালে তিনি কন্যা, কন্যা জামাই ও নাতনিসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। ৭ এপ্রিল মঙ্গলবার সকাল ১০ টায় নামাজে জানাজা শেষে চাঁদপুর জেলার কচুয়া উপজেলার রহিমানগরস্থ পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়।

## খুলনা-৩ আসনের সংসদ সদস্যের মাতার মৃত্যুতে ভাইস-চ্যান্সেলর এর গভীর শোক প্রকাশ

জাতীয় সংসদের খুলনা-৩ আসনের সংসদ সদস্য, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাবেক প্রতিমন্ত্রী বেগম মুন্নুজান সুফিয়ান এম.পি. এর মাতা জোহরা বেগম (৮৩) এর মৃত্যুতে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর গভীর শোক প্রকাশ করেছেন। ০১ মার্চ এক শোক বিবৃতিতে ভাইস-চ্যান্সেলর প্রফেসর আলমগীর বলেন, এমপি মাতা'র মৃতুতে বিশ্ববিদ্যালয় পরিবার গভীরভাবে শোকাহত, তিনি এদেশকে বেগম মুন্নুজান সুফিয়ান এর মতন একজন বলিষ্ঠ রাজনীতিবিদ উপহার দিয়েছেন। কুয়েটের ভাইস-চ্যান্সেলর মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোক-সন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। উল্লেখ্য, গতকাল ২৮ ফেব্রুয়ারি রাতে ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় সংসদ সদস্যের মাতা ইন্তেকাল করেন।

## নেপালে ভূমিকম্পে হতাহতে কুয়েট ভাইস-চ্যান্সেলরের শোক

বাংলাদেশ, নেপাল ও ভারত জুড়ে ভুমিকম্পে হতাহত ও ব্যাপক ক্ষয়ক্ষতির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ভূমিকম্পের কেন্দ্রস্থল নেপালে শত শত মানুষের প্রাণহানির ঘটনায় শোক ও সহমর্মীতা জানিয়েছেন কুয়েট ভাইস-চ্যান্সেলর। তিনি এক শোক বিবৃতিতে ভূমিকম্পে নিহতদের রুহের আত্মার মাগফেরাত ও আহতদের সুস্থতা কামনা করেন এবং হতাহত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। তিনি এ রকম জাতীয় দূর্যোগে সকলকে সচেতন ও পারস্পারিক সহযোগিতা কামনা করেন এবং প্রলয়ংকরী ভূমিকম্পে বিধ্বস্ত নেপালের সহযোগিতায় প্রতিবেশীদেশগুলি এগিয়ে আসবে বলে তিনি আশা প্রকাশ করেন।

## শিক্ষাবিদ ড. শেখ গাউস মিয়ার ইন্তেকালে কুয়েট ভাইস-চ্যান্সেলরের গভীর শোক প্রকাশ

ইতিহাস গবেষক ও খ্যাতনামা শিক্ষাবিদ ড. শেখ গাউস মিয়ার ইন্তেকালে গভীর শোক প্রকাশ করেছেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১১ মার্চ এক শোক বিবৃতিতে তিনি বলেন, ড. শেখ গাউস মিয়ার মৃত্যুতে দেশ একজন বরেণ্য ইতিহাস গবেষক ও শিক্ষাবিদ এবং সৎ, বিচক্ষণ ও দূরদৃষ্টিসম্পন্ন ব্যক্তিত্ব হারালো। তাঁর অব্যাহত কর্মপ্রয়াস ও দায়িত্ব পালন সকলের জন্য অনুকরণীয় হয়ে থাকবে। তাঁর অভাব কখনও পূরণ হবে না। কুয়েট ভাইস-চ্যান্সেলর মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

## কামরুজ্জামানের মৃত্যুদন্ড কার্যকর হওয়ায় কুয়েট ভিসি'র সন্তোষ প্রকাশ

মুক্তিযুদ্ধকালের মানবতাবিরোধী অপরাধের বিচারে গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কর্তৃক মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত ও মৃত্যুদন্ড প্রাপ্ত আলবদর নেতা ও জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মুহাম্মদ কামরুজ্জামানের মৃত্যুদন্ড কার্যকর হওয়ায় কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর সন্তোষ প্রকাশ করেছেন। গত ১২ এপ্রিল এক বিবৃতিতে কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, মানবতাবিরোধী অপরাধের মামলায় আলবদর নেতা কামরুজ্জামানের মৃত্যুদন্ড কার্যকর হওয়ায় আমি খুবই আনন্দিত। জাতি মানবতা বিরোধী যুদ্ধাপরাধীদের সর্বোচ্চ শাস্তি প্রত্যাশা করে, এই রায় কার্যকরের মাধ্যমে জাতির প্রত্যাশা পূরণ হয়েছে।

## বিএসএমএমইউ'র নবনিযুক্ত ভিসি ডা. কামরুল হাসান খানকে কুয়েট ভিসি'র অভিনন্দন



পেশাজীবী সমন্বয় পরিষদের মহাসচিব প্রফেসর ডা. কামরুল হাসান খান বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়(বিএসএমএমইউ) এর ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহন করায় অভিনন্দন জানিয়েছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়(কুয়েট) এর ভাইস-চ্যান্সেলর ও পেশাজীবী সমন্বয় পরিষদ, খুলনার আহ্বায়ক প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। গত ২৪ মার্চ এক শুভেচ্ছা বার্তায় কুয়েটের ভাইস-চ্যান্সেলর বলেন, প্রফেসর কামরুল হাসান তাঁর মেধা, অভিজ্ঞতা ও পেশাগত নেতৃত্ব গুনে বিএসএমএমইউ এর অগ্রযাত্রা অব্যহত রাখবে যা দেশের চিকিৎসা সংক্রান্ত উচ্চ শিক্ষা ও গবেষণায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং জাতির জনক বঙ্গবন্ধুর নামে গড়া এই প্রতিষ্ঠানটি দেশের সাধারণ মানুষ থেকে শুরু করে সবার জন্য সঠিক চিকিৎসা সেবা নিশ্চিত করবে। কুয়েটের ভিসি প্রফেসর আলমগীর বিএসএমএমইউ এর ভিসি প্রফেসর কামরুল হাসান এর সু-স্বাস্থ্য, দীর্ঘায়ু, সাফল্য ও কর্মময় জীবন কামনা করেন। উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও বিএসএমএমইউ এর চ্যান্সেলর মোঃ আব্দুল হামিদ বিএসএমএমইউ'র আইন অনুযায়ী নিয়োগ প্রদানের পর গত ২৪ মার্চ প্রফেসর ডা. কামরুল হাসান ভাইস-চ্যান্সেলর এর দায়িত্ব গ্রহন করেন।

## ৩৭ কোটি ৫৫ লক্ষ টাকার রাজস্ব বাজেট অনুমোদন

কুয়েটের ২০১৫-১৬ অর্থ বছরের জন্য ৩৭ কোটি ৫৫ লক্ষ টাকার মূল রাজস্ব বাজেট অনুমোদিত হয়েছে। ২৭ জুন শনিবার বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় ২০১৫-১৬ অর্থ বছরের বাজেট ছাড়াও ২০১৪-১৫ অর্থ বছরের জন্য ৩৬ কোটি ৮৫ লক্ষ টাকার সংশোধিত বাজেটও অনুমোদিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও সিন্ডিকেট এর সভাপতি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ২০১৫-১৬ অর্থ বছরের মূল বাজেট ৩৭ কোটি ৫৫ লক্ষ টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে সরকারি অনুদানের সম্ভাব্য পরিমাণ ৩৪ কোটি ৮৫ লক্ষ টাকা, নিজস্ব সূত্র হতে আয় ২ কোটি ৭০ লক্ষ টাকা। বরাদ্দের মধ্যে বেতন-ভাতাদি খাতে ২৩ কোটি ৪৫ লক্ষ টাকা, পেনশন খাতে ২ কোটি ৫০ লক্ষ টাকা, সাধারণ আনুষঙ্গিক খাতে ৫ কোটি ৪০ লক্ষ টাকা, শিক্ষা আনুষঙ্গিক খাতে ৩ কোটি ৯০ লক্ষ টাকা, মেরামত ও সংরক্ষণ খাতে ১ কোটি ২০ লক্ষ টাকা এবং মূলধন মঞ্জুরী খাতে ১ কোটি ১০ লক্ষ টাকা। সিন্ডিকেট সভায় ২০১৪-১৫ অর্থ বছরের জন্য মোট ৩৬ কোটি ৮৫ লক্ষ টাকার সংশোধিত বাজেটও অনুমোদন করা হয়। সংশোধিত ৩৬ কোটি ৮৫ লক্ষ টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে সরকারি অনুদানের পরিমান ৩৩ কোটি ২৫ লক্ষ টাকা এবং নিজস্ব সূত্র হতে আয় ২ কোটি ৭০ লক্ষ টাকা। সংশোধিত বরাদ্দের মধ্যে বেতন-ভাতাদি খাতে ২১ কোটি ৪০ লক্ষ টাকা, পেনশন খাতে ৪ কোটি ৫০ লক্ষ টাকা, সাধারন আনুষঙ্গিক খাতে ৫ কোটি ৩০ লক্ষ টাকা, শিক্ষা আনুষঙ্গিক খাতে ৩ কোটি ৬৫ লক্ষ টাকা, মেরামত ও সংরক্ষণ খাতে ১ কোটি ৫ লড়্গা টাকা এবং মূলধন মঞ্জুরী খাতে ৯৫ লক্ষ টাকা। উল্লেখ্য, চলতি অর্থ বছরে উন্নয়ন প্রকল্পের আওতায় ৪৩ কোটি ৩০ লড়্গা ৫ হাজার টাকার কাজ সম্পন্ন হয়েছে এবং আগামী ২০১৫-১৬ অর্থ বছরে উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৩ কোটি টাকার পরিকল্পনা নেওয়া হয়েছে।

Remove Watermark Wondershare PDFelement

# আইআইসিটি'র নেটওয়ার্ক ল্যাবের উদ্বোধন



কুয়েট এর আইআইসিটি এর নেটওয়ার্ক ল্যাব এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী (আইআইসিটি) এ নেটওয়ার্ক ল্যাব নামে নতুন একটি ল্যাবের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ১৮ জুন বৃহস্পতিবার সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফিতা কেটে এ ল্যাবের আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন আইআইসিটি'র পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, আইআইসিটি'র সহকারী অধ্যাপক মোঃ আরিফুল ইসলাম খন্দকার প্রমূখ।

# শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক প্রদান



কুয়েট শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

২৫ মার্চ বুধবার দুপুর সাড়ে ১২ টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) গরীব ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক হস্তান্তর করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এ্যালামনাই এসোসিয়েশন এশিয়া প্যাসিফিক (কুয়েটএএএপি) এর লোকাল রিপ্রেজেনটেটিভ কমিটির সুপারিশক্রমে কুয়েট এর ২০১৩-১৪ শিক্ষাবর্ষের ২৫ জন শিক্ষার্থীকে এ বৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কুয়েটএএএপি লোকাল রিপ্রেজেনটেটিভ কমিটি এর সদস্য সিএসই বিভাগের বিভাগের প্রফেসর ড. এম এম এ হাসেম, পুরকৌশল বিভাগের প্রফেসর ড. খন্দকার শফিউল ইসলাম, ইসিই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ ফারুক হোসেন এবং কমিটির সদস্য-সচিব ও বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার সেখ আক্কাছ আলী প্রমুখ।

# কুয়েটে আইটি পার্ক

(শেষ পৃষ্ঠার পর) তিঁনি আরো বলেন, অতিদ্রুত কুয়েটে আইটি পার্ক স্থাপিত হবে। কুয়েটের ভাইস-চ্যান্সেলর বলেন, জ্ঞান বিজ্ঞানে অগ্রগতির মাধ্যমে নতুন প্রজন্ম জাতির জনক বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ে তুলবে। অনুষ্ঠানে অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন যশোর সফটওয়্যার পার্ক স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক মোঃ জাহাঙ্গীর আলম, কুয়েটের পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. কাজী মোঃ রাকিবুল আলম, সিএসই বিভাগের প্রফেসর ড. এম.এম.এ. হাসেম, বেসরকারি মুঠোফোন সেবাদানকারী প্রতিষ্ঠান রবি আজিয়াটা লিঃ এর খুলনা আঞ্চলিক ব্যবস্থাপক মোঃ মিজানুর রহমান।

# কুয়েট ছাত্রের উন্…



ভারতের হাসপাতালে চিকিৎসাধীন কুয়েট ছাত্র তানভীর আহমেদ এর উন্নত চিকিৎসার জন্য সাহায্যের চেক হস্তান্তর করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

জটিল কিডনী রোগে ভারতের হাসপাতালে চিকিৎসাধীন কুয়েটের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১২ ব্যাচের ছাত্র তানভীর আহমেদ এর উন্নত চিকিৎসার জন্য কুয়েটের আবাসিক হলসমূহ থেকে মোট ২ লাখ ৫৩ হাজার ৫ শত টাকার সাহায্যের চেক হস্তান্তর করা হয়েছে। ৩০ জুন মঙ্গলবার দুপুর ১ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর তাঁর কার্যালয়ে চিকিৎসাধীন ছাত্রের পক্ষে তার চাচাত ভাই এবং সহপাঠীদের হাতে এ চেক তুলে দেন। এসময় সংশ্লিষ্ট হলসমূহের প্রভোস্ট ও সহকারী প্রভোস্টগণ, পরিচালক (ছাত্র কল্যাণ) উপস্থিত ছিলেন। এর আগে গত ২৯ জুন কুয়েটের জরুরী চিকিৎসা তহবিল ও মতিউর রহমান স্মৃতি ফান্ড থেকে ১ লাখ টাকা করে মোট ২ লাখ টাকার চেক তার সহপাঠীদের হাতে হস্তান্তর করেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এসময় ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এর পরিচালক প্রফেসর ড. মোঃ আবুল বাশার, মতিউর রহমান স্মৃতি ফান্ড এর সভাপতি ও পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, ড. এম এ রশীদ হলের প্রভোস্ট প্রফেসর ড. এম এ মতিন ও সহকারী প্রভোস্ট মোঃ শামসুল আরেফিন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট ড. সোবহান মিয়া, লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ আবুল হাসেম, পরিচালক ছাত্র কল্যাণ এর পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ উসমান গণি নাঈম, মতিউর রহমান স্মৃতি ফান্ড এর সদস্য-সচিব ও কম্পট্রোলার মোঃ নুরুজ্জামান উপস্থিত ছিলেন।

## বিশ্ব পরিবেশ দিবস পালিত

# সম্পদের ব্যবহারে আমাদেরকে আরো যত্নবান হতে হবে

**--কুয়েট ভিসি প্রফেসর ড. আলমগীর**




বিশ্ব পরিবেশ দিবস ২০১৫ উপলক্ষ্যে আয়োজিত র‍্যালীতে নেতৃত্ব দেন কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেছেন, আমাদের সম্পদ সীমিত তাই সম্পদের ব্যবহারে আমাদেরকে আরো যত্নবান হতে হবে। জলবায়ুর পরিবর্তনে বাংলাদেশ বিশেষ করে দেশের দক্ষিণাঞ্চল সবচেয়ে বেশী ক্ষতির সম্মুখীন। অবশ্যম্ভাবী এই পরিবর্তনের সাথে খাপ খাওয়ানোর জন্য সকলকে প্রস্তুত হতে হবে। তিনি গত ০৮ জুন বিকাল ৪ টায় কুয়েটের ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (আইডিএম), পুরকৌশল বিভাগ ও ইউআরপি বিভাগের যৌথ আয়োজনে বিশ্ব পরিবেশ দিবস ২০১৫ উপলক্ষ্যে অডিটরিয়ামে আয়োজিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তৃতাকালে এ সব কথা বলেন। এ বছরের বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল "শত কোটি জনের অপার স্বপ্ন, একটি বিশ্ব, করি না নিঃস্ব"। এর আগে দিবসটি উপলক্ষে বিকাল সাড়ে ৩ টায় কুয়েট প্রশাসনিক ভবনের সম্মুখ থেকে আকর্ষনীয় শোভাযাত্রা বের হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে অডিটরিয়ামের সম্মুখে এসে সমাপ্ত হয়। কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর নেতৃত্বে র‍্যালীতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, কর্মকর্তাগণ, ছাত্র-ছাত্রী, কর্মচারীবৃন্দসহ অন্যান্যরা স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। র‍্যালী শেষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রস্থলে (৬ পৃষ্ঠায় দেখুন)

Remove Watermark Wondershare PDFelement

## সুইচগিয়ার এন্ড প্রোটেকশন ল্যাবরেটরী উদ্বোধন




তওইকৌশল বিভাগে সুইচগিয়ার এন্ড প্রোটেকশন ল্যাবরেটরী নামে নতুন একটি ল্যাবরেটরী উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

১৪ জুন রবিবার সকাল ১১ টায় কুয়েটের তড়িৎ ও ইলেকট্রনিক (তওই) কৌশল বিভাগে সুইচগিয়ার এন্ড প্রোটেকশন ল্যাবরেটরী নামে নতুন একটি ল্যাবরেটরীর উদ্বোধন করা হয়। এ ল্যাবরেটরী থেকে শিক্ষার্থীরা ইলেক্ট্রিক্যাল পাওয়ার উৎপন্ন ও বিতরণের জন্য ব্যবহৃত জেনারেটর, ট্রান্সফরমারসহ সকল যন্ত্রাংশের অনলাইন নিরাপত্তা সম্পর্কে বাস্তব জ্ঞান লাভ করতে পারবে। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফিতা কেটে সুইচগিয়ার এন্ড প্রোটেকশন ল্যাবরেটরীর এর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করেন। নতুন ল্যাবটি স্থাপনের মাধ্যমে গবেষণার ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচিত হবে এবং শিক্ষক ও শিক্ষার্থীদের অনেক দিনের আশা পূর্ণ হবে বলে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন আইআইসিটি এর পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রফেসর ড. মুহাঃ রফিকুল ইসলাম, তওই কৌশল বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. আশরাফুল গণি ভুইয়া, প্রমূখ। এসময় তওই কৌশল বিভাগের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, পরিচালক, বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী উপস্থিত ছিলেন।

## কুয়েট ভাইস-চ্যান্সেলর এর সাথে যুক্তরাষ্ট্রের ওয়েস্ট ফ্লোরিডা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর এর সাক্ষাত



কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য সাক্ষাতকালে বাংলাদেশী বংশদ্ভুত যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব ওয়েস্ট ফ্লোরিডা এর প্রফেসর ড. মুহাম্মদ হারুনুর রশিদ-কে স্মারক ক্রেস্ট প্রদান করা হয়।

কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য সাক্ষাত করেছেন বাংলাদেশী বংশদ্ভুত যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব ওয়েস্ট ফ্লোরিডা এর প্রফেসর ড. মুহাম্মদ হারুনুর রশিদ। বৃহস্পতিবার বিকাল ৫ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর এর দপ্তরে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এ সময় বিভিন্ন অনুষদের ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, পরিচালক (ছাত্র কল্যাণ) উপস্থিত ছিলেন। ঘন্টাব্যাপি আলোচনায় গবেষণার জন্য কুয়েট ও যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব ওয়েস্ট ফ্লোরিডা এর মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের স্টুডেন্ট এক্সচেঞ্জ এর বিষয়ে ঐক্যমত তৈরী হয়। এসময় প্রফেসর ড. রশিদ-কে একটি স্মারক ক্রেস্ট প্রদান করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. আলমগীর।

## তিন দিনব্যাপি ল্যাবরেটরী এনালাইসিস অব ফ্যাকল স্লাজ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা




পুরকৌশল বিভাগে তিনদিনব্যাপী ল্যাবরেটরী এনালাইসিস অব ফ্যাকল স্লাজ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় অতিথি ও প্রশিক্ষক এর সাথে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের পুরকৌশল বিভাগে তিন দিনব্যাপি ল্যাবরেটরী এনালাইসিস অব ফ্যাকল স্লাজ (Laboratory Analysis of Faecal Sludge) শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা ৩০ জুন মঙ্গলবার সকাল ৯টায় পুরকৌশল ভবনের সেমিনার কক্ষে শুরু হয়। নেদারল্যান্ডস ডেভেলপমেন্ট অর্গানাইজেশন এর এসএনভি এর অর্থায়নে এবং কুয়েট ও এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজী (এআইটি) এর যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ডঃ মুহাম্মদ আলমগীর। কর্মশালায় এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজী (এআইটি), থাইল্যান্ড এর বিশেষজ্ঞ কানোক্যান ওয়াংচিনো, সানিরাট সাং মুয়াং, মোহাম্মদ দেলোয়ার, এসএনভি এর এফএসএম প্রোগ্রাম লিডার রাজিভ মুনানকামি অতিথি ও প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালায় কুয়েট, খুলনা বিশ্ববিদ্যালয়, আইসিডিডিআরবি, বারি, কেসিসি, স্মার্ট ডেভেলপমেন্ট ওয়ার্কস (এসএনভি) এর প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

## জিআইএস ও আরএস বিষয়ক প্রশিক্ষণ




জিআইএস ও আরএস বিষয়ক ট্রেইনিং প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথিবৃন্দ।

কুয়েটের আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি) বিভাগের উদ্যোগে তিন দিন ব্যাপী জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম(জিআইএস) ও রিমোট সেনসিং (আরএস) বিষয়ক ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ১৬ জানুয়ারি সকাল নয়টায় ইউআরপি বিভাগের সেমিনার কক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান তুষার কান্তি রায় এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং জিওপ্লানিং ফর এডভান্সড ডেভেলপমেন্ট (জিপিএডি) এর পরিচালক মোঃ রেজাউর রহমান। তিনদিন ব্যাপী ট্রেইনিং প্রোগ্রামে প্রশিক্ষণ প্রদান করেন ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ এস্রাজ-উল-জান্নাত, জিপিএডি এর পরিচালক মোঃ রেজাউর রহমান ও জিপিএডি এর প্রশিক্ষক মোঃ রকিবুল ইসলাম। ফান্ডামেন্টালস অফ জিআইএস ও জিআইটি, সফটওয়্যার ডেমোনেসট্রেশন, ম্যাপ প্রোজেকশন ও করডিনেট সিস্টেম, স্পেশাল রেফারেন্সিং ও ট্রান্সফরমেশন, ডাটাবেজ বিল্ডিং, বেসিক জিওপ্রোসেসিং, রেস্টার এনালাইসিস, ম্যাপ কম্পজিশন ও প্রিন্টিং, ফান্ডামেন্টালস অফ রিমোট সেনসিং, ইমেজ প্রসেসিং, ক্লাসিফিকেশন ও এনালাইসিস ইত্যাদি বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। ১৮ জানুয়ারি বিকাল পাঁচটায় ইউআরপি বিভাগের সেমিনার কক্ষে সমাপনী ও সনদপত্র বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুয়েট এর পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান তুষার কান্তি রায় এর সভাপতিত্বে অনুষ্ঠানে (১১ পৃষ্ঠা দেখুন)

Remove Watermark Wondershare PDFelement

## অফিসার্স এসোসিয়েশন এর নির্বাচিত কমিটির ভাইস-চ্যান্সেলর এর সাথে সৌজন্য স্বাক্ষাত



কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাতকালে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন কুয়েট অফিসার্স এসোসিয়েশনের নব নির্বাচিত কমিটির নেতৃবৃন্দ।

কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে ০১ জানুয়ারি সৌজন্য স্বাক্ষাত করেছেন অফিসার্স এসোসিয়েশনের নব নির্বাচিত কমিটি। অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা এর নেতৃত্বে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সহ-সভাপতি মোঃ মহিববুল্লাহ চৌধুরী, সাধারণ সম্পাদক প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদ, সহ-সাধারণ সম্পাদক প্রকৌশলী মোঃ মাহমুদুল হাসান, সাংগঠনিক সম্পাদক গাজী মোহাম্মদ বরকত উল্লাহ, ট্রেজারার মোঃ হেলাল ফকির, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজ কল্যাণ সম্পাদক মনোজ কুমার মজুমদার, দপ্তর ও প্রচার সম্পাদক শেখ ওমর ফারুক, সদস্য দেবাশীষ মন্ডল, শেখ আবু হায়াত প্রমূখ। এ সময় ভাইস-চ্যান্সেলরের সাথে কুয়েট অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দের সংগঠনের বিভিন্ন বিষয় নিয়ে সৌহার্দ্যপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয় ও ইংরেজী নববর্ষের ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। উল্লেখ্য, গত ২৯ ডিসেম্বর কুয়েট অফিসার্স এসোসিয়েশন এর নির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়।

## ভাইস-চ্যান্সেলর এর সাথে কর্মচারী সমিতির স্বাক্ষাত



ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন কর্মচারী সমিতির (৩য় শ্রেণি) নব নির্বাচিত নেতৃবৃন্দ।

কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) নব নির্বাচিত কমিটি। গত ১২ মার্চ এর সৌজন্য স্বাক্ষাতে সমিতির সভাপতি মোঃ মামুনুর রশীদ, সাধারণ সম্পাদক মোঃ ইমরুল ইসলাম, সহ-সভাপতি মোঃ ইমদাদুল হক, মোঃ রবিউল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক শেখ জামাল হোসেন, সাংগঠনিক সম্পাদক শেখ হাফিজুর রহমান, কোষাধ্যক্ষ মোঃ মিজানুর রহমান মল্লিক, ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ মেহেদী হাসান, দপ্তর সম্পাদক মোঃ মনিরুল ইসলাম, প্রচার সম্পাদক মোঃ ওয়াহিদুজ্জামান কাল্টু, নির্বাহী সদস্য এস এম সোহায়েব হোসেন, মোঃ আলমগীর হোসেন, মোঃ ইকবাল হোসেন, মোঃ রফিকুল ইসলাম, মোঃ মুশফিকুর রহমান প্রমূখ উপস্থিত ছিলেন। এসময় ভাইস-চ্যান্সেলরের সাথে সমিতির সদস্যদের সংগঠনের বিভিন্ন বিষয় নিয়ে সৌহার্দ্যপূর্ণ আলোচনা হয় এবং সমিতির নেতৃবৃন্দ ভাইস-চ্যান্সেলর মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন।

## ভাইস-চ্যান্সেলর এর সাথে ৪র্থ শ্রেণি কর্মচারী সমিতির স্বাক্ষাত



কুয়েটের নব-নির্বাচিত ৪র্থ শ্রেণির কর্মচারী সমিতির নেতৃবৃন্দ ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন।

গত ২৬ ফেব্রুয়ারি কুয়েট এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন ৪র্থ শ্রেণী কর্মচারী সমিতির নব নির্বাচিত কমিটি। ৪র্থ শ্রেণি কর্মচারী সমিতির সভাপতি মোঃ এরশাদ আলী, সাধারণ সম্পাদক জালাল মুনসীসহ এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সহ-সভাপতি মোঃ আসাদ মোড়ল, মোঃ আলম মোল্লা, সহ-সাধারণ সম্পাদক মোঃ ইব্রাহীম খলিল, সাংগঠনিক সম্পাদক মোঃ ডালিম হোসেন, কোষাধ্যক্ষ মোঃ মন্নান মিঞা, ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ শহীদুল ইসলাম, দপ্তর সম্পাদক মোঃ ইয়াছিন আলী, প্রচার সম্পাদক মিনা শরিফুল ইসলাম , নির্বাহী সদস্য জাহানারা বেগম, মোঃ আঃ মান্নান শেখ, মোঃ রিপন মিয়া প্রমূখ। এ সময় ভাইস-চ্যান্সেলরের সাথে কুয়েট ৪র্থ শ্রেণি কর্মচারী সমিতির সাথে সংগঠনের বিভিন্ন বিষয় নিয়ে সৌহার্দ্যপূর্ণ আলোচনা হয় এবং সমিতির পক্ষ থেকে ভাইস-চ্যান্সেলর মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়।

## আন্তঃহল ইনডোর গেমস অনুষ্ঠিত



কুয়েটে আন্তঃহল ইনডোর গেমস এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।


১৫ জানুয়ারি বৃহস্পতিবার রাত ১০টায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে কুয়েটে আন্তঃহল ব্যাডমিন্টন, টেবিল টেনিস, কেরাম, দাবা প্রতিযোগিতা ২০১৪ এর সফল সমাপ্তি ঘটেছে। সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, ড. এম এ রশীদ হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন, রোকেয়া হলের প্রভোষ্ট সুহেলী সায়লা আহমদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ছাত্র কল্যাণ কার্যালয়ের ভারপ্রাপ্ত পরিচালক ড. জি জি মোঃ নেওয়াজ আলী। আন্তঃহল ইনডোর গেমস এ চ্যাম্পিয়ন হয় ড. এম এ রশীদ হল, রানার আপ হয় লালন শাহ হল এবং শ্রেষ্ঠ খেলোয়াড় হওয়ার গৌরব অর্জন করে ড. এম এ রশীদ হলের মোঃ মোবাইদুল হক সবুজ।

## জিআইএস ও আরএস বিষয়ক প্রশিক্ষণ

(১০ পৃষ্ঠার পর) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের ইউআরপি ডিসিপ্লিনের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ এহসানুল কবীর ও কুয়েটে এর ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ এস্রাজ-উল-জান্নাত। প্রশিক্ষণে ইউআরপি বিভগের শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

Remove Watermark Wondershare PDFelement

## স্কুলের শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ



কুয়েট ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ করেন ভাইস-চান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েট ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ ও সারাদেশের ন্যায় পাঠ্যপুস্তক উৎসব অনুষ্ঠিত হয়েছে। ০১ জানুয়ারি বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্কুলের ১ম থেকে ৯ম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের হাতে পাঠ্যবই তুলে দেন। এ সময় এক সংক্ষিপ্ত বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর নতুন বছরের প্রথম দিনেই ছাত্র-ছাত্রীদের হাতে বিনামূল্যে পাঠ্য বই তুলে দিতে পারায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এর প্রধান শিক্ষক টি এম ছানাউর রহমান, উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক মোঃ আকবর হোসেন সরদার, স্কুলের শিক্ষকমন্ডলী, অভিভাবকবৃন্দ, ছাত্র-ছাত্রীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## স্কুলের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত



কুয়েট ক্যাম্পাস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয় এর দুই দিনব্যাপি বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েট ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয় এর দুই দিনব্যপি বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৫ অনুষ্ঠিত হয়েছে। ৩১ জানুয়ারি সকাল ১১ টায় স্কুল প্রাঙ্গণে প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি ও কুয়েটের লাইব্রেরীয়ান মোঃ আক্কাস উদ্দিন পাঠান এবং সভাপতিত্ব করেন খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এর প্রধান শিক্ষক টি এম ছানাউর রহমান। এসময় উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আকবর হোসেন সরদার, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক) এর প্রধান শিক্ষক মোঃ বদিয়ার রহমান, স্কুলের শিক্ষকমন্ডলী, অভিভাবকবৃন্দ, ছাত্র-ছাত্রীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এর আগে গত ৩০ জানুয়ারি সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাতীয় পতাকা, বেলুন ও কবুতর উড়িয়ে বার্ষিক ক্রিড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন।


## লালন শাহ হলে বার্ষিক প্রীতিভোজ ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত



কুয়েট-এর লালন শাহ হলে বার্ষিক প্রীতিভোঝ ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

গত ২৬ ফেব্রুয়ারি রাতে কুয়েট এর লালন শাহ হলে বার্ষিক প্রীতিভোজ ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। লালন শাহ হলের প্রভোষ্ট প্রফেসর ড. এম এম তওহিদ হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর. ড. মোঃ সৈয়দ আলী মোল্লা, তওই কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র কল্যাণ) মোঃ উসমান গণি নাঈম, লালন শাহ হলের সহকারী প্রভোষ্ট হেলাল-আন-নাহিয়ানসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোষ্ট ও সহকারী প্রভোষ্টগণ এবং লালন শাহ হলের শিক্ষার্থীবৃন্দ।

## খান জাহান আলী হলে পুরস্কার বিতরণী ও বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



কুয়েট-এর খানজাহান আলী হলে পুরস্কার বিতরণী ও বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েট এর খানজাহান আলী হলে পুরস্কার বিতরণী ও বার্ষিক প্রীতিভোজ গত ০৫ মার্চ রাতে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। খানজাহান আলী হলের প্রভোষ্ট প্রফেসর ড. এ এন এম এনামুল কবির এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, তওই কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন খানজাহান আলী হলের সহকারী প্রভোষ্ট মোঃ আরিফুল ইসলাম খন্দকার, প্রমুখ।

Remove Watermark Wondershare PDFelement

## রোকেয়া হলে নবীন বরণ, নারী দিবসের বিশেষ অনুষ্ঠান ও বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর কেক কেটে নারী দিবস এবং রোকেয়া হলের বার্ষিক প্রীতিভোজের উদ্বোধন করেন।

গত ৭ মার্চ সন্ধ্যায় রোকেয়া হলে '১৩ ব্যাচের ছাত্রীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়। রোকেয়া হলের প্রভোষ্ট (ভারপ্রাপ্ত) সুহেলী সায়লা আহমদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তওই কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, ছাত্র কল্যাণ এর পরিচালক (ভারপ্রাপ্ত) ড. হুসাইন মোঃ আবু নাঈম, রোকেয়া হলের সহকারী প্রভোস্ট মনিকা গোপ, মেহনুমা তাবাস্‌সুম ওমর। অনুষ্ঠানে অতিথিবৃন্দ নবীন ছাত্রীদের ফুল দিয়ে বরণ করেন। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ০৮ মার্চ সন্ধ্যা ৭ টায় রোকেয়া হল প্রাঙ্গনে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর কেক কেটে নারী দিবস এবং রোকেয়া হলের বার্ষিক প্রীতিভোজের উদ্বোধন করেন। নারী দিবস উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আলোচনায় বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ও তার সহধর্মিনী মেহেরুন্নেছা লতা, খুলনা জেলা প্রশাসক মোঃ মোস্তফা কামাল, কুয়েট তওই কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, রোকেয়া হলের প্রভোষ্ট (ভারপ্রাপ্ত) সুহেলী সায়লা আহমদ, রোকেয়া হলের সহকারী প্রভোস্ট মনিকা গোপ, মেহনুমা তাবাস্‌সুম ওমর। অনুষ্ঠানে নারী দিবসের বিশেষ আলোচনা, আবৃত্তি, গান ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। নারী দিবসের অনুষ্ঠান শেষে কুয়েট ভাইস-চ্যান্সেলরসহ অন্যান্য অতিথিবৃন্দ রোকেয়া হলের বার্ষিক প্রীতিভোজে অংশগ্রহণ করেন।

## অমর একুশে হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



কুয়েট-এর অমর একুশে হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

গত ১২ মার্চ রাতে কুয়েটে অমর একুশে হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অমর একুশে হলের প্রভোষ্ট প্রফেসর ড. মোঃ বজলার রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, তওই কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অমর একুশে হলের সহকারী প্রভোষ্ট মোঃ আতিউর রহমান, সুজিত কুমার শীল, আল-মাহমুদ ও মোঃ গোলাম কিবরিয়া,প্রমুখ।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের শিক্ষার্থীদের নীবন বরণ ও বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ২০১০ ব্যাচের ছাত্রদের বিদায় ও ২০১৪ ব্যাচের ছাত্রদের নবীনবরণ অনুষ্ঠান গত ২৪ এপ্রিল শুক্রবার বিকাল সাড়ে ৪ টায় অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট ড. সোবহান মিয়া'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন পুরকৌশল অনুষদ এর ডীন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ বজলার রহমান, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা, ছাত্র কল্যাণ এর পরিচালক (চ.দা.) মোঃ উসমান গনি নাইম। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট দীপায়ন মন্ডল। ছাত্রদের পক্ষ থেকে বক্তৃতা করেন ২০১০ ব্যাচের সৌরিন বড়ুয়া, ২০১১ ব্যাচের হাসান মাহমুদ তারেক, ২০১২ ব্যাচের মুন্সী আশিকুজ্জামান কমল, ২০১৩ ব্যাচের তামিম আদনান, ২০১৪ ব্যাচের মোঃ তাসনিমুল রিফাত। অনুষ্ঠানে অতিথিবৃন্দ নবীন ছাত্রদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন।

## ড. এম এ রশীদ হলের শিক্ষার্থীদের নবীন বরণ, বিদায় ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত



কুয়েটের ড. এম এ রশীদ হলের ছাত্রদের বিদায়, নবীনবরণ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথিবৃন্দ।

কুয়েটের ড. এম এ রশীদ হলের ২০১০ ব্যাচের ছাত্রদের বিদায়, ২০১৪ ব্যাচের ছাত্রদের নবীনবরণ ও পুরস্কার বিতরণী গত ০৫ মে মঙ্গলবার সন্ধা ৭টায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। ড. এম এ রশীদ হলের প্রভোষ্ট প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন পুরকৌশল অনুষদ এর ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, তওইকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা ও ছাত্র কল্যাণ কার্যালয়ের পরিচালক (চ.দা.) মোঃ উসমান গনি নাঈম। এছাড়া অনুষ্ঠানে বিদায়ী ও নবীন শিক্ষার্থীসহ বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীরা বক্তৃতা করেন। অতিথিবৃন্দ নবীন ছাত্রদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন।

Remove Watermark Wondershare PDFelement

## ফজলুল হক হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটের ফজলুল হক হলের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষার্থীদের হাতে মানপত্র তুলে দিচ্ছেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের ফজলুল হক হলের ২০১০ ব্যাচের ছাত্রদের বিদায়, ২০১৪ ব্যাচের ছাত্রদের নবীনবরণ অনুষ্ঠান গত ০৭ মে বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫টায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ফজলুল হক হলের প্রভোষ্ট প্রফেসর ড. মোহাম্মদ শেখ সাদী'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন পুরকৌশল অনুষদ এর ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা ও ছাত্র কল্যাণ কার্যালয়ের পরিচালক (চ.দা.) মোঃ উসমান গনি নাঈম। অতিথিবৃন্দ নবীন ছাত্রদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন।

## অমর একুশে হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েট-এর অমর একুশে হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের অমর একুশে হলের ২০১০ ব্যাচের ছাত্রদের বিদায়, ২০১৪ ব্যাচের ছাত্রদের নবীনবরণ গত ০৯ মে শনিবার বিকাল সাড়ে ৪টায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অমর একুশে হলের প্রভোষ্ট প্রফেসর ড. মোঃ বজলার রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন পুরকৌশল অনুষদ এর ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা ও ছাত্র কল্যাণ কার্যালয়ের পরিচালক (চ.দা.) মোঃ উসমান গনি নাঈম। অতিথিবৃন্দ নবীন ছাত্রদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন।

## শ্রী শ্রী সরস্বতী পুজা অনুষ্ঠিত

(২ পৃষ্ঠার পর) সকল শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রীবৃন্দ, অন্যান্যরা স্বতঃস্ফূর্তভাবে শ্রী পঞ্চমী তিথিতে শ্বেতবসনা, বাগ্‌দেবী সরস্বতী দেবীর শুভ আরাধনার অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, আইইএম বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডঃ তারাপদ ভৌমিক, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, কুয়েট পুজা উদ্‌যাপন কমিটির সভাপতি ও ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান তুষার কান্তি রায়সহ বিভিন্ন বিভাগের বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

## খানজাহান আলী হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েট খানজাহান আলী হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর গ্রাজুয়েটদের ক্রেস্ট প্রদান করেন।

কুয়েটের খানজাহান আলী হলের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ও ২০১০ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ২০ জুন শনিবার বিকাল সাড়ে ৩ টায় অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। খানজাহান আলী হলের প্রভোষ্ট প্রফেসর এ এম এম এনামুল কবীর এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তওই কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরন্নবী মোলস্না, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা, ছাত্র কল্যাণ এর পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ উসমান গণি নাঈম। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে গণিত বিভাগের প্রফেসর ড. মোঃ বজলার রহমান বক্তৃতা করেন। অনুষ্ঠানে অতিথিবৃন্দ ২০১৪ ব্যাচের নবীন শিক্ষার্থীদের ফুল ও সৌজন্য উপহার দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী ২০১০ ব্যাচের গ্রাজুয়েট শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করেন।

## ইউআরপি বিভাগের নবীন বরণ অনুষ্ঠিত




কুয়েট এর ইউআরপি বিভাগের ২০১৩ ব্যাচের ছাত্র-ছাত্রীদের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েট এর আরবান এন্ড রিজিওনাল প্লানিং (ইউআরপি) বিভাগের ২০১৩ ব্যাচের ছাত্র-ছাত্রীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। গত ২৮ ফেব্রুয়ারি শনিবার সকাল ১০টায় ইউআরপি বিভাগের সেমিনার কক্ষে ইউআরপি এসোসিয়েশন এ অনুষ্ঠানের আয়োজন করে। নবীন বরণ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান তুষার কান্তি রায় এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা ও ছাত্রকল্যাণ কার্যালয়ের পরিচালক(চ.দা.) মোঃ উসমান গনি নাঈম। অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন বিভাগের সহকারী অধ্যাপক মুহাম্মদ সালাহ উদ্দীন ও ড. মোঃ মঞ্জুর মোর্শেদ এবং শিক্ষার্থীদের মধ্য থেকে কনক, গুঞ্জন বড়ুয়া, আসিফ ও সুরভী। এ উপলক্ষে সন্ধ্যায় অডিটরিয়ামে 'ইউআরপি নাইট' নামক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

Remove Watermark Wondershare PDFelement

## টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের নবীন বরণ অনুষ্ঠিত



কুয়েট-এর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৩ ব্যাচের ছাত্র-ছাত্রীদের নবীন বরণ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর নবীনদের হাতে শুভেচ্ছা উপহার তুলে দেন।

কুয়েট এর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৩ ব্যাচের ছাত্র-ছাত্রীদের নবীন বরণ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। গত ০৫ মার্চ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টায় টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের সেমিনার কক্ষে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশন অনুষ্ঠানটি আয়োজন করে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, তওই কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা।

## যন্ত্রকৌশল বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটে যন্ত্রকৌশল বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের যন্ত্রকৌশল বিভাগের ২০১০ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় ও ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠান যন্ত্রকৌশল সমিতির আয়োজনে গত ২৬ এপ্রিল রবিবার বিকাল সাড়ে ৪ টায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। যন্ত্রকৌশল সমিতির সভাপতি প্রফেসর ড. খন্দকার আফতাব হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা, যন্ত্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল, হ্যামকো গ্রুপ এর জেনারেল ম্যানেজার মোঃ হাবিবুর রহমান। অনুষ্ঠানে যন্ত্রকৌশল বিভাগের শিক্ষকদের মধ্য থেকে বক্তৃতা করেন প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান, ড. সোবহান মিয়া, মোঃ হেলাল-আন-নাহিয়ান, মোঃ মাহবুবুর রহমান প্রমূখ। শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তৃতা করেন ২০১০ ব্যাচের সৌরিন বড়ুয়া, আমানুল্লাহ কবির, মাহবুবুর রহমান, সাজিদ হাসান, ২০১১ ব্যাচের হাসান ইকবল, ২০১২ ব্যাচের নাজমুল হাসান, ২০১৩ ব্যাচের আলকামা রনি, ২০১৪ ব্যাচের প্রান্ত করুয়া প্রমূখ। অনুষ্ঠানে অতিথিবৃন্দ নবীন ছাত্রদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন।

## সিএসই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটে সিএসই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের ২০১০ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় ও ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সিএসই এসোসিয়েশন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানটি ৩০ এপ্রিল বৃহস্পতিবার বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। সিএসই এসোসিয়েশন এর সভাপতি ড. পিন্টু চন্দ্র শীল এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা, সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. কাজী মোঃ রকিবুল আলম। অনুষ্ঠানে সিএসই বিভাগের শিক্ষকদের মধ্য থেকে বক্তৃতা করেন প্রফেসর ড. এম এম এ হাসেম, প্রফেসর ড. কে এম আজহারুল হাসান প্রমূখ। অনুষ্ঠানে অতিথিবৃন্দ নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন।

## তওইকৌশল বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটে তওই কৌশল বিভাগের শিক্ষার্থীদের নবীনবরণ ও বিদায় অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের তড়িৎ ও ইলেক্ট্রনিক (তওই) কৌশল বিভাগের ২০১০ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় ও ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। তওইকৌশল সমিতির আয়োজনে অনুষ্ঠানটি ১০মে রবিবার বেলা ৩টায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। তওইকৌশল সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তওইকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা এবং সম্মানী অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ শফিক উদ্দীন ও তওইকৌশল বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. আশরাফুল গণি ভূইয়া। অনুষ্ঠানে তওইকৌশল বিভাগের শিক্ষকদের মধ্য থেকে বক্তৃতা করেন প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, প্রফেসর ড. মুহাঃ রফিকুল ইসলাম প্রমূখ। শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তৃতা করেন সোহাগ, রিয়াদ, রবিন, কাওছার, মেহেদী, হাসানুজ্জামান প্রমূখ। অনুষ্ঠানে অতিথিবৃন্দ নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন।

Remove Watermark Wondershare PDFelement

## টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের নবীন বরণ অনুষ্ঠিত

কুয়েটের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২কে১৪ ব্যাচের ছাত্র-ছাত্রীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশনের আয়োজনে অনুষ্ঠানটি ১৭ জুন বুধবার সন্ধ্যায় অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান এবং টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ সৈয়দ আলী মোল্লা, ছাত্র কল্যাণ এর পরিচালক (ভারপ্রাপ্ত) ড. জি জি মোঃ নেওয়াজ আলী। বিভাগের শিক্ষকদের মধ্যে বক্তৃতা করেন মোঃ মিলন হোসেন এবং শিক্ষার্থীদের মধ্যে '১২ ব্যাচের মোঃ শফিকুর রহমান, মোঃ নাছিম উদ্দিন, তানজিরুল ইসলাম নয়ন, '১৩ ব্যাচের জোহানী বিনতে ফারুক, '১৪ ব্যাচের হাসান মোর্শেদ টগর বক্তৃতা করেন। অনুষ্ঠানে অতিথিবৃন্দ ২কে১৪ ব্যাচের নবীন ছাত্র-ছাত্রীদেরকে ফুল দিয়ে বরণ করে নেন।



কুয়েটে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২কে১৪ ব্যাচের ছাত্র-ছাত্রীদের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

# Research publications of KUET Faculty Members (January-June'15)

## Journals:

### Department of Civil Engineering

1. Morshed, A.Z. and Shao, Y. "Early carbonation for hollow-core concrete slab curing and carbon dioxide recycling". Materials and Structures Journal, Vol. 48, pp: 307-319, 2015.
2. Morshed, A.Z., Azar, A. and Shao, Y. "Characterising cement carbonation curing using non-contact electrical resistivity measurement", Advances in Cement Research, Vol. 27, Issue 4, pp: 214-224, 2015.

### Department of Electrical and Electronic Engineering

1. Md. Nur Kutubul Alam, Muhammad Shaffatul Islam, Md. Golam Kibria, Md. Rafiqul Islam, "On the Ballistic Performance of InGaSb XOI FET: Impact of Channel Thickness and Interface States", IEEE Transaction on Electron Devices, Vol. 62, Issue. 6, pp. 1855-1861, May 2015.
2. Mostafa Zaman Chowdhury, Mohammad Arif Hossain, Shakil Ahmed, and Yeong Min Jang, "Radio Resource Management Based on Reused Frequency Allocation for Dynamic Channel Borrowing Scheme in Wireless Networks," Wireless Networks, March 2015 (online published) (Springer/SCI).
